

দেশের ৪০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে সভা-সমাবেশ

জঙ্গিবাদকে 'না' লাখো শিক্ষক-শিক্ষার্থীর

যুগান্তর রিপোর্ট

জঙ্গিবাদ ও সন্ত্রাসের বিরুদ্ধে শনিবার দেশের প্রায় ৪০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে সভা-সমাবেশ হয়েছে। এসব কর্মসূচি থেকে জঙ্গিবাদকে 'না' বলেছেন কয়েক লাখ শিক্ষক-শিক্ষার্থী। তাদের সঙ্গে অভিভাবক, সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তি, স্থানীয় নেতা, ইমাম, সাংবাদিক, সাহিত্যিক ও সাংস্কৃতিক কর্মীরাও যোগ দেন। এ সময় অসাম্প্রদায়িক দেশ গড়ার শপথ নেন তারা। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সারা দেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে এ সমাবেশের আয়োজন করা হয়। জঙ্গিবাদবিরোধী কেন্দ্রীয় সভা অনুষ্ঠিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে। এতে প্রধান অতিথির বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, জঙ্গিদের প্রধান টার্গেট আমাদের শিক্ষার্থীরা। তারা শিক্ষার্থীদের ফুসলিয়ে বিভ্রান্ত করেছে। তাদের মন-মানসিকতা পরিবর্তন করে দিচ্ছে। বিপথগামী করছে। বোমা মারাত্মক। বলে, তুমি (শিক্ষার্থী) মরলেই বেহেশতে চলে যাবে। বেহেশতে গেলে পৃথিবীতে যা তুমি পাওনি, সেখানে সব

পাবে। যাওয়ার সঙ্গে সঙ্গে বেহেশতে ছরপরি পাবে। কিন্তু শান্তির ধর্ম ইসলামে মানুষ হত্যার কোনো বিধান নেই। বোমা মেরে মানুষ হত্যা করে বেহেশতে যাওয়ার কোনো পথ নেই। তিনি আরও বলেন, সবাই এক্যবদ্ধ থাকলে জঙ্গিরা শিক্ষার্থীদের বিপথগামী করতে পারবে না। এ দেশের মাটিতে জঙ্গিবাদ কখনোই আশ্রয় পাবে না।

অসাম্প্রদায়িক দেশ গড়ার শপথ

টিএসসি মিলনায়তনে 'সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে আমাদের করণীয়' শীর্ষক এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আতামস আরেফিন সিদ্দিক। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালের পরিচালনায় এতে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী

পৃষ্ঠা ১৪ : কলাম ১

জঙ্গিবাদকে 'না' লাখো শিক্ষক-শিক্ষার্থীর

(১ম পৃষ্ঠার পর)

আকবর, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান প্রমুখ বক্তৃতা করেন। নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বেলা সাড়ে ১১টার দিকে একই ধরনের সভা অনুষ্ঠিত হয়। ক্যাম্পাসের প্লাজা প্রাঙ্গণে এ সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন জঙ্গিবাদ ও সাম্প্রদায়িকতা প্রতিরোধ মোর্চার আহ্বায়ক সিনিয়র সাংবাদিক আবেদ খান। ভিসি অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে এতে নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান আজিমউদ্দিন আহমেদ বক্তৃতা করেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন আড়াই হাজার শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদবিরোধী সভা অনুষ্ঠিত হয়। এর কেন্দ্রীয় কর্মসূচি ছিল রাজধানীর ইডেন কলেজে। কলেজ মাঠে নির্মিত প্যান্ডেলে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ অধ্যাপক গায়ত্রী চ্যাটার্জি। এতে প্রধান অতিথির বক্তৃতা করেন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। ভিসি বলেন, জঙ্গিরা তরুণ সমাজকে বেহেশতের লোভ দেখিয়ে জঙ্গিবাদে উদ্বুদ্ধ করেছে। এটা ইসলামের প্রকৃত ব্যাখ্যা নয়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে জাতীয় প্রেস ক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক শফিকুর রহমান, রমনা বিভাগের ভিসি ইব্রাহিম খান, উপাধ্যক্ষ ড. শামসুন নাহার, আজিমপুর ছাপড়া মসজিদের পেশ ইমাম মাওলানা আবদুল হক, অভিভাবক প্রতিনিধি মদনমোহন বিশ্বাস ও ছাত্রীদের পক্ষ থেকে আনজুমান আরা অনু বক্তব্য রাখেন। মোহাম্মদপুরে লালমাটিয়া মহিলা কলেজ ও রেসিডেন্সিয়াল মডেল কলেজে জঙ্গিবাদবিরোধী সভা অনুষ্ঠিত হয়। এতে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক বলেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া জঙ্গি অভিযান নিয়ে অর্বাচীনের মতো কথা বলে আইনশৃঙ্খলা বাহিনীসহ

দেশবাসীকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছেন। শেখ বোরহানুদ্দিন পোস্ত গ্রাজুয়েট কলেজের সভায় প্রধান অতিথি ছিলেন আওয়ামী লীগ নেতা ও সাবেক সংসদ সদস্য ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক রেহানা বেগমের সভাপতিত্বে এতে আবদুল গাফফার খান, কলেজের সাবেক ভিপি মাহবুবুর রহমান, আজিজুর রহমান মোহন, স্থানীয় পঞ্চায়েত সভাপতি মো. বাদল প্রমুখ বক্তৃতা করেন। নর্দান ইউনিভার্সিটি মিলনায়তনে এ ধরনের সভায় প্রধান অতিথি ছিলেন প্রোভিসি অধ্যাপক ড. আনোয়ারুল করিম। সহযোগী ডিন অধ্যাপক ড. খন্দকার সাফায়াত হোসেনের সভাপতিত্বে এতে বনানী সোসাইটির সভাপতি শওকত আলী ভূঁইয়া, সাধারণ সম্পাদক শাহ আবুল কাসেম, কোষাধ্যক্ষ আনোয়ার হোসেন, রেজিস্ট্রার লে. কর্নেল (অব.) একতেদার আহমেদ সিদ্দিকী প্রমুখ বক্তৃতা করেন।

এছাড়া শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকুবি), ওয়াল্ট ইউনিভার্সিটি, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, নাজির বাজার বালিকা উচ্চ বিদ্যালয়, বেরাইদ মুসলিম হাইস্কুল, রওশন আরা বালিকা উচ্চ বিদ্যালয়, বেরাইদ মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, আলহাজ রহিমউল্লাহ দাখিল মাদ্রাসা ও এতিমখানা, একেএম রহমতউল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ, হোলমাইদ উচ্চ বিদ্যালয়, সাঁতারকুল স্কুল অ্যান্ড কলেজ, বাড্ডা হাইস্কুল, বাড্ডা বালিকা উচ্চ বিদ্যালয়, বাড্ডা আলাতুননেছা স্কুল অ্যান্ড কলেজসহ রাজধানী ও সারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও নারায়ণগঞ্জ জেলা প্রেস ক্লাবের উদ্যোগে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী মানববন্ধন করে।